

# নিরাপদ অভিবাসনের লক্ষ্য পূরণই আমাদের অঙ্গীকার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি

হবিগঞ্জ- ১৩ সেপ্টেম্বর, ২০১৯

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেছেন, নিরাপদ, নিয়মিত, সুশৃঙ্খল, দায়িত্বশীল অভিবাসনের লক্ষ্য পূরণই আমাদের অঙ্গীকার। এ বিষয়ে ইতোমধ্যে সরকার অনেকগুলি উদ্যোগ গ্রহণ করেছে। তিনি আরো বলেন, সুষ্ঠু শ্রম অভিবাসনের চ্যালেঞ্জ মোকাবেলায় সবাইকে এক হয়ে কাজ করতে হবে। তা না হলে আমাদের উন্নয়ন লক্ষ্যমাত্রা ব্যাহত হতে পারে।

আজ সকালে হবিগঞ্জের 'দ্যা প্যালেস' হোটেলে "Strategic Consultation on Migration Management in Bangladesh- Ministry of Expatriates' Welfare and Overseas Employment and International Organization and Migration" শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

উক্ত আলোচনা অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, যুগ্মসচিব নাসরীন জাহান, আইওএম বাংলাদেশ এর চীফ অব মিশন গিগর্গি গিগারিও, আইওএম বাংলাদেশ এর হেড অফ মাইগ্রেশন এন্ড ডেভেলপমেন্ট প্রাভিনা গুরুং প্রমুখ।

